বিশ্বকে এক হয়ে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর

কোভিড-১৯ মহামারী মোকাবেলায় গোটা বিশ্বকে এক হয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। করোনাভাইরাস থেকে বিশ্বের মানুষের মুক্তি কামনা করে তিনি বলেন, আবারও অর্থনীতির চাকা সচল হোক, সব মানুষ সুন্দরভাবে স্বাভাবিক জীবনযাপন করুক, সেটাই আমরা চাই। সেজন্য সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। শুক্রবার এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলায় দেয়া ঐতিহাসিক ভাষণের ৪৬ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা এবং ফরেন সার্ভিস অ্যাকাডেমির নবনির্মিত ভবন উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন প্রধানমন্ত্রী।

বাংলাদেশকে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি ‘মনুষ্যসৃষ্ট দুর্যোগের’ মোকাবেলা করতে হয় মন্তব্য করে শেখ হাসিনা বলেন, ১৯৭৫ সালে যে ঘাতকরা জাতির পিতাকে হত্যা করেছিল তাদের দোসররা এ দেশে স্থিতিশীল সরকার থাকুক তা কখনও চায়নি। সেজন্য মাঝেমধেই চেষ্টা করে একটা অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে। এ অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার প্রচেষ্টা যখন তারা চালায় তখন আমরা দেখি আগুন দিয়ে জীবন্ত মানুষকে হত্যা করতে। এসব আমাদের মোকাবেলা করতে হয়। আর আওয়ামী লীগ তা মোকাবেলা করতে সক্ষম হয়েছে বলেই জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে পেরেছে বলে মন্তব্য করেন দলটির সভাপতি শেখ হাসিনা।

জনগণের আস্থা অর্জন করেই বর্তমান সরকার উন্নয়ন করে যাচ্ছে মন্তব্য করে শেখ হাসিনা বলেন, জনগণ বারবার আমাদের ভোট দিয়ে নির্বাচিত করেছে বলেই আমরা সরকার গঠন করে তাদের সেবা করতে পেরেছি। আর দীর্ঘসময় ক্ষমতায় থাকতে পেরেছি বলেই উন্নয়নগুলো দৃশ্যমান হচ্ছে এবং উন্নয়নগুলো করতে পারছি, যার সুফল দেশের জনগণ ভোগ করছে। তিনি বলেন, সব থেকে গুরুত্ব দিয়েছি খাদ্য উৎপাদনের ওপর। কারণ আমি জানি, করোনাভাইরাসের কারণে বিশ্বে হয়তো দুর্ভিক্ষ দেখা দিতে পারে। কিন্তু বাংলাদেশে যেন কোনোমতে সেই দুর্ভিক্ষের ছোঁয়া না লাগে। তাই আমরা যতটুকু পারি খাদ্য উৎপাদন,

খাদ্য বিতরণ, দরিদ্র মানুষকে বিনা পয়সায় খাদ্য দেয়া এবং খাদ্য নিশ্চয়তা দেয়ার চেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি।

শেখ হাসিনা আরও বলেন, আমাদের জিডিপি ৮ দশমিক ২ শতাংশের উপরে নেয়ার টার্গেট অর্জন করা সম্ভব হয়নি। আমরা এবার ৫ দশমিক ২৪ শতাংশের মতো অর্জন করতে পেরেছি। আশা করি আগামীতে আমাদের প্রবৃদ্ধি আরও বেশি অর্জন করতে সক্ষম হব। আর সেদিকে লক্ষ্য রেখেই আমরা কাজ করে যাচ্ছি। মুজিববর্ষে জতির পিতার স্বপ্নের ‘ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত বাংলাদেশ’ গড়ে তোলার সংকল্পের কথা জানিয়ে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা বলেন, প্রায় ৪০ শতাংশ দরিদ্র জনগোষ্ঠী ছিল, এই দারিদ্র্যের হার আমরা কমিয়ে ২০ দশমিক ৫ শতাংশে এনেছি। আমরা আরও কমাতে চাই। বাংলাদেশের প্রত্যেকটা মানুষকে একটা সুন্দর জীবন আমরা উপহার দিতে চাই। আর সেজন্য বিশ্বের অন্য দেশগুলোর সঙ্গে সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বর্তমান বিশ্ব একটি গ্লোবাল ভিলেজ। এ বিশ্বে কেউ একা চলতে পারে না। তাই সবার সহযোগিতা আমাদের কাম্য। পাশাপাশি কাউকে কোনো ধরনের সহযোগিতা করতে হলে আমরা সেটা করতেও প্রস্তুত।

প্রধানমন্ত্রী বলেন, ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘে ইতিহাসে প্রথমবারের মতো বাংলায় ভাষণ দেন স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ৪৬ বছর আগে তার সেই ভাষণে বিশ্ব দরবারে বাংলাদেশের পররাষ্ট্রনীতির মৌলিক বৈশিষ্ট্যগুলো তুলে ধরা হয়। সেই ভাষণে জাতির পিতা বলেন, ‘সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়।’ এখনও সেটাই যে বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল চালিকাশক্তি।

করোনাভাইরাস মহামারীর কারণে এবার জাতিসংঘ অধিবেশনে সরাসরি যোগ দিতে না পারার দুঃখের কথা জানিয়ে শেখ হাসিনা বলেন, আমি ১৬ বার জাতিসংঘে ভাষণ দিয়েছি এবং ১৭তম ভাষণ দিতে আমি যেতে পারছি না। এটা সত্যিই খুব দুঃখের। কারণ সেখানে সব দেশের নেতাদের সঙ্গে দেখা হওয়ার একটা সুন্দর সুযোগ হয়, মতবিনিময় করার সুযোগ হয়, একে অপরের অভিজ্ঞতা আমরা শেয়ার করতে পারি। সেই সুযোগটা করোনাভাইরাসের কারণে হল না।

জাতিসংঘে বঙ্গবন্ধুর বাংলায় দেয়া ভাষণের কথা স্মরণ করে শেখ হাসিনা বলেন, জাতির পিতা তার ভাষণে এ দেশের দুঃখী মানুষের কথা বলেছিলেন, এ দেশের সার্বিক উন্নয়নের কথা বলেছিলেন। একই সঙ্গে বিশ্বব্যাপী বঞ্চিত মানুষের কথা তিনি বলেছিলেন। আমরা সেটা

বিশ্বাস করি। তাই আমাদের উন্নয়নের মূল লক্ষ্যটা হচ্ছে তৃণমূলের মানুষ। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, আজকের বিশ্বে কূটনৈতিক মিশনের দায়িত্ব অনেক বদলে গেছে। এখন শুধু রাজনৈতিক কূটনীতি নয়, দরকার হয় অর্থনৈতিক কূটনীতিও। ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটানো, সবার সঙ্গে মিশে কীভাবে অর্থনৈতিক স্বাবলম্বী হওয়া যায়, উন্নয়ন করা যায়, পরস্পরকে কীভাবে সহযোগিতা করা যায়, পরস্পরের সহযোগিতার মধ্য দিয়ে বিশ্বে শান্তি কীভাবে নিয়ে আসা যায়-সেইভাবে কূটনীতি চালাতে হবে। বাংলাদেশকে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি ‘মনুষ্যসৃষ্ট দুর্যোগের’ মোকাবেলা করতে হয়।

অনুষ্ঠানে গণভবন প্রান্তে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এবং ফরেন সার্ভিস একাডেমি প্রান্তে পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী আবদুল মোমেন বলেন, করোনাভাইরাসের কারণে ফ্লাইট বন্ধ থাকায় দেশে আটকেপড়া সৌদি প্রবাসীদের কোনো সমস্যা হবে না। যাদের ইকামা- ভিসা আছে তারা সবাই সৌদি আরব যেতে পারবেন, কোনো জটিলতা হবে না। এ বিষয়ে সৌদি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। কারও ভিসার মেয়াদ শেষ হলেও ইকামা থাকলে তাদের আবার ভিসা দেয়া হবে। সৌদি প্রবাসীদের টিকিটের জন্য ভিড় করা নিয়ে তিনি বলেন, বিষয়টি দুঃখজনক। যারা আগে থেকে টোকেন নিয়েছিলেন তারা আগেই যাবেন। পর্যায়ক্রমে সবাই যাবেন। দুশ্চিন্তার কোনো কারণ নেই।

জামিন পেলেন সংগ্রাম সম্পাদক আবুল আসাদ

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় দৈনিক সংগ্রাম পত্রিকার সম্পাদক

আবুল আসাদকে এক বছরের জামিন দিয়েছেন হাইকোর্ট।

বুধবার বিচারপতি মো. এমদাদুল হক ও মো. আকরাম হোসেন চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী খন্দকর মাহবুব হোসেন ও মোহাম্মদ শিশির মনির।

পরে শিশির মনির সাংবাদিকদের জানান, সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে আদালত রুলসহ এক বছরের জামিন দিয়েছেন।

প্রসঙ্গত ২০১৯ সালের ১২ ডিসেম্বর দৈনিক সংগ্রাম পত্রিকায় প্রকাশিত এক প্রতিবেদনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে ফাঁসি কার্যকর হওয়া কাদের মোল্লাকে ‘শহীদ’ হিসেবে উল্লেখ করা হয়।

এতে ক্ষুব্ধ হয়ে পরদিন ১৩ ডিসেম্বর পত্রিকাটির কার্যালয় ভাঙচুর করে মুক্তিযোদ্ধা মঞ্চের একদল নেতাকর্মী।

মঞ্চের সভাপতি আমিনুল ইসলাম বুলবুল ও সেক্রেটারি আল মামুনের নেতৃত্বে নেতাকর্মীরা বিকাল ৫টার দিকে কার্যালয়ের সামনে জড়ো হয়ে প্রায় এক ঘণ্টা ভাঙচুর চালায়। তারা কার্যালয়ে ঢুকে বেশ কয়েকটি টেলিভিশন, কম্পিউটার ও আসবাবপত্র ভাঙচুর করে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দৈনিক সংগ্রামের সম্পাদক আবুল আসাদকে হাতিরঝিল থানায় নিয়ে যায়।

ওইদিন রাতে ঢাকা সিটি কর্পোরেশনের ৩৬ নম্বর ওয়ার্ডের মুক্তিযোদ্ধা কমান্ডার মোহাম্মদ আফজাল সংগ্রাম পত্রিকার সম্পাদকসহ সাত-আটজনকে আসামি করে ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা করেন।

সূত্র- যুগান্তর

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লুর দাফন সম্পন্ন

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক ফেরদৌস রিয়াজ জিল্লু (৩৮) আর নেই(ইন্না-লিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

এছাড়াও তিনি জাতীয় দৈনিক গণকন্ঠ পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করতেন। ৪সেপ্টেম্বর শুক্রবার (আজ) রাত ২ টা ৩০ মিনিটে ঢাকায় নেয়ার পথে গোয়ালন্দ ঘাটের কাছে সে মৃত্যুবরণ করে। মৃত্যুকালে তিনি স্ত্রী, পুত্র, কন্যা, পিতা-মাতাসহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছে।

পরিবার সুত্রে জানা যায়, ৩সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সন্ধায় গুরুত্বর অসুস্থ্য হলে তাকে কুষ্টিয়া ২৫০ শয্যার হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে ২ নং ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে ঢাকায় প্রেরণের পরামর্শ দেন।

এর পর রাতেই অ্যাম্বুলেন্স যোগে ঢাকায় নেয়ার পথে সে মৃত্যুবরণ করে। প্রয়াত সাংবাদিক ফেরদৌস রিয়াজ জিল্লুর মৃত্যুতে কুষ্টিয়ার সাংবাদিকেরা গভীর ভাবে শোক প্রকাশ করেন। মরহুমের জানাযা নামাজ বাদ জুম্মা শহরের জিকে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়ে পরে পৌর গোরস্তানে দাফন সম্পন্ন হয়।

গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে ।

শনিবার বিকালে গাংনী প্রেসক্লাব ভবনে সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর সভাপতিত্বে আরটিভি

প্রতিনিধি সাবেক সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় সাধারণ সভায় উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম, সিনিয়র সদস্য ও জিটিভি ও ডেইলি অবজারভার এর মেহেরপুর জেলা প্রতিনিধি রফিকুল আলম,

সিনিয়র সাংবাদিক নুরুল ইসলাম নুহু বাঙ্গালী, সাবেক সম্পাদক ও বিজয় টিভি, সময়ের আলো জেলা প্রতিনিধি তৌহিদউদ্দোলা রেজা, ৭১ টিভি ও যায়যায়দিন এর গাংনী প্রতিনিধি মজনুর রহমান আকাশ, দৈনিক মানবজমিন, বাংলা টিভির জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, দৈনিক লাখকন্ঠ, সারাবাংলা ও শিক্ষাবার্তার জেলা প্রতিনিধি এস এম রফিকুল আলম বকুল, মেহেরপুর নিউজের তোফায়েল হোসেন, মেহেরপুরের চোখ এর সোহেল রানা বাবুসহ গাংনী প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন ।

সভায় সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও করোনা পরিস্থিতিতে সংবাদ সংগ্রহের সময় বিভিন্ন প্রতিবন্ধকতা এবং প্রেসক্লাবের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । প্রেসক্লাব ভালভাবে ও দক্ষতার সাথে পরিচালনার জন্য সাধারণ সভায় বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয় ।

হাসাদাহে জাতীয় সাংবাদিক সংস্থার অভিষেক ও শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহে নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার হাসাদাহ শাখা কমিটির এক অভিষেক অনুষ্ঠান ও শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

১১ জন সদস্য বিশিষ্ট নবগঠিত এই কমিটিতে কবির আহম্মদ সভাপতি এবং বদরুজ্জামান শ্যামলকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

গতকাল বিকাল ৫ ঘটিকার সময় জাতীয় সাংবাদিক সংস্থার অফিস রুমে এই শপথ গ্রহন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শপথ বাক্য পাঠ করান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী মাস্টার, ঔষুধ ব্যবসায়ী মিজানুর রহমান, মাহববুর রশিদ বিশ্বাস, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন সহ নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

বাবা-স্বামীসহ কোয়েল মল্লিক করোনায় আক্রান্ত

দুই বাংলার জনপ্রিয় অভিনেতা রঞ্জিত মল্লিক ও মেয়ে কোয়েল মল্লিকসহ গোটা পরিবার করোনায় আক্রান্ত হয়েছেন। এ ছাড়া মল্লিক পরিবারের করোনায় আক্রান্ত অন্য সদস্যরা হলেন, রঞ্জিত মল্লিকের স্ত্রী দীপা মল্লিক ও মেয়ে কোয়েল মল্লিকের স্বামী নিসপাল সিং রানে। বাড়িতে বসেই চিকিৎসা করানো হচ্ছে পুরো পরিবারের।

শুক্রবার টুইট করে নিজেই জানান কোয়েল মল্লিক। তিনি লেখেন, মা- বাবা আমি এবং রানে করোনায় আক্রান্ত হয়েছি। আপাতত সবাই সেল্ফ কোয়রান্টিনে।

পাশাপাশি ভেরিফায়েড ফেসবুক পেজেও কোয়েল তার পরিবারের করোনা পজিটিভের বিষয়টি জানিয়েছেন।

মল্লিক পরিবারের ঘনিষ্ঠ সূত্রের বরাত দিয়ে কলকাতার সংবাদ মাধ্যম আনন্দ বাজার পত্রিকা জানায়, বেশ কিছু দিন ধরেই করোনার উপসর্গ দেখা গিয়েছিল পরিবারের সদস্যদের মধ্যে। ছিল হাল্কা শ্বাসকষ্ট-জ্বর। দুই দিন আগে পরীক্ষার জন্য তাদের নমুনা সংগ্রহ করা হলে রিপোর্ট পজিটিভ আসে।

দুই মাস আগেই মা হয়েছেন কোয়েল। গত ৫ মে পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। এর পর থেকে বাবা-মা’র সঙ্গেই ছিলেন অভিনেত্রী। বাড়িতেই করোনা সংক্রান্ত নিয়ম মেনে চলছিলেন। তা সত্ত্বেও এই

খবরে মন খারাপ কোয়েল-রঞ্জিত অনুরাগীদের। তাদের সুস্থতা কামনায় সামাজিক যোগাযোগ মাধ্যম সরব হয়েছেন নেটা

নাটুদাহ চন্দ্রবাসের সাংবাদিক সালামকে নিয়ে প্রতিপক্ষের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চন্দ্রবাস গ্রামের বছিরের ছেলে সাংবাদিক সালামকে নিয়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে একই গ্রামের সুরাতের ছেলে আশাদুল।

সালাম জানান, সে ও তার ভাই মিলে ৬ শতক জমির উপর বসবাস করে আসছে।সেখানে তাদের কে অবৈধভাবে উচ্ছেদ করতে উঠে পড়ে লেগেছে আশাদুল।সে নানান সময়ে নানান ভাবে তাকে হুমকি ধামকিও অব্যাহত রেখেছে।

সালাম আরো জানান তিনি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। যে কোন সময় আশাদুল তার বড় ধরনের ক্ষতি করতে পারে। এ বিষয়ে তিনি দামুড়হুদা মডেল থানায় আশাদুলের বিরুদ্ধে জিডির প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে।

মেহেরপুর এনটিভি’র বর্ষপূর্তী উপলক্ষে ত্রাণ সামগ্রী ও গাছের চারা বিতরণ

১৭ তম বছর পার করে ১৮ বছরে পা রাখলো বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল এনটিভি। এনটিভি’র ১৮ বছরে পদার্পণে মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের উদ্যোগে দুস্থ্যদের মাঝে ত্রাণ সহায়তা প্রদান ও গাছের চারা বিতরণ করা হয়েছে।

শুক্রবার দুপুরে এনটিভির মেহেরপুর প্রতিনিধির নিজস্ব বাসভবনের সামনে এ আয়োজন করেন। এলাকার হতদরিদ্র ৫০টি পরিবারের মাঝে খাদ্য সহায়তা ও একটি করে ওষুধি গাছের চারা উপহার দেওয়া হয়।

এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়াম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নিবার্হী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ, পৌর মেয়র আশরাফুল ইসলাম।

এসময় মেহেরপুর মেহেরপুর প্রেসক্লাবের উপদেষ্টা সাংবাদিক তুহিন অরণ্য, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বিটিভি’র জেলা প্রতিনিধি আলামিন হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক সাংবাদিক আকতারুজ্জামান, মেহেরপুর প্রেসক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক মাজেদুল হক মানিক, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলমসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথিসহ সকলে সংক্ষিপ্ত বক্তব্যে এনটিভি’র জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের সাহসি সাংবাদিকতা ও এনটিভির প্রতিষ্ঠা বার্ষিকীর শুভ কামনা করেন। সেই সাথে দেশ ও জাতির উন্নয়নে এনটিভি ভুমিকা রাখবে এমন প্রত্যাশা করেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার ‘কুষ্টিয়া ব্যুরো’ অফিস উদ্বোধন

মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধন হয়েছে।

শনিবার বিকালে শহরের পাঁচ রাস্তা মোড়ে তমিজউদদীন সুপার মার্কেটের দোতলায় সামাজিক দুরত্ব বজায় রেখে এক সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে ফিতা কেটে ব্যুরো অফিস উদ্বোধন করেন লেখক ও গবেষক ড. আমানুর আমান।

এসময় তিনি বলেন, সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পন। সমাজ উন্নয়নে সংবাদপত্র এবং সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম।

তিনি বলেন, স্থানীয় কিংবা জাতীয় পত্রিকার মতো দৈনিক মেহেরপুর প্রতিদিন আঞ্চলিক বিভিন্ন সংকট, সমস্যা এবং সম্ভাবনা নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাহসী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মেহেরপুরের মতো ছোট এক জেলা থেকে পত্রিকা প্রকাশ এবং তা পাশ্ববর্তী জেলায় প্রচার প্রচারনার সত্যি আনন্দের বিষয় বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার তরুণ সাংবাদিক এসএম জামালকে পত্রিকাটির দায়িত্ব দেওয়ায় তার মাধ্যমে এই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার চিত্র তুলে ধরতে সহায়ক ভুমিকা পালন করবে। আজকের এই শুভ দিনে সৃজনশীল সংবাদ পরিবেশনের ক্ষেত্রে দৈনিক মেহেরপুর প্রতিদিন কলেবর আরো বৃদ্ধি এবং উত্তরোত্তর উন্নতি কামনা করে এই অফিসের শুভ উদ্বোধন ঘোষণা করছি।

এসময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, যুগ্ম সম্পাদক আল-আমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মুর্তজা ফারুক রুপক, মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো প্রধান এসএম জামাল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, তিন বছরে পা দিয়েছে মেহেরপুর প্রতিদিন পত্রিকা। এটি মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহে ব্যাপক প্রচার প্রচারনা রয়েছে। এই কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধনের মধ্য দিয়ে এ জেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে পাঠক প্রিয়তা পাবে বলে আমি বিশ্বাস করি।

তিনি আরও বলেন, বৈশ্বিক করোনা মহামারীতেও যখন প্রিন্ট পত্রিকার প্রকাশনা বন্ধ সেখানে প্রতিদিন এ পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে। এই পত্রিকার মাধ্যমে গ্রেটার কুষ্টিয়াকে তুলে ধরতে চাই বিশ্বের দরবারে।

পত্রিকার ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আঞ্চলিক পত্রিকার গুরুত্ব ব্যাপক। এসব আঞ্চলিক পত্রিকা অঞ্চল ভেদে সংবাদের গুরুত্ব তুলে ধরে থাকে। আঞ্চলিক কাগজের আলাদা একটি বৈশিষ্ট্য আছে। তাই সকলের সহযোগিতায় এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা আঞ্চলিক পত্রিকার স্বীকৃতি পাবো এমনটাই আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে প্রধান সমন্বয়ক এস এম জামাল বলেন, সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথ মজুমদার এই কুষ্টিয়া তথা কুমারখালিতে জন্মগ্রহন

করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার মধ্য দিয়ে তিনি সমাজের নির্যাতিত নিপীড়িত মানুষের কথা তুলে ধরেছেন। তাঁর হাত ধরেই এই কুষ্টিয়া জেলা সাংবাদিকতার উর্বরভুমি হিসেবেও পরিচিতি লাভ করেছে।

এ জেলা থেকে সাপ্তাহিক, পাক্ষিক ও দৈনিক মিলিয়ে প্রায় ৫৬ টি পত্রিকা প্রকাশ হয়ে আসছে। পত্রিকার এই ভীড়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার এই কুষ্টিয়া ব্যুরো অফিস আমাদের পত্রিকার নতুন মাইল ফলক হিসেবে কাজ করবে। তাই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে মেহেরপুর প্রতিদিন পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

এসময় প্রতিদিনের সংবাদের কুষ্টিয়া প্রতিনিধি রবিউল ইসলাম ইভান, আন্দোলনের বাজার পত্রিকার ভেড়ামারা প্রতিনিধি আবু ওবাইদা আল মাহাদী, ক্যামেরাপারসন রাশেদ উপস্থিত ছিলেন।

সাংবাদিক শাহীন সড়ক দুর্ঘটনায় আহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর প্রতিদিন এর সাবেক গাংনী প্রতিনিধি ও বর্তমান প্রেস হাউস ও দৈনিক দিনের খবর পত্রিকার সাংবাদিক সিদ্দিকী শাহীন মারাত্মক আহত হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় গাংনী চোখতোলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

এ সময় মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আহত সাংবাদিক কে ঘটনাস্থল থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে আসেন।

সেখানে তাকে চিকিৎসা দেওয়া হয়।

সাংবাদিক শাহিনের হাত-পাসহ বিভিন্ন অংশ আঘাতপ্রাপ্ত হয়েছে। তার সুস্থতা কামনা করেছে মেহেরপুরের সাংবাদিকবৃন্দ সহ সুশীল সমাজ।